

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮৪১

আগরতলা, ২৭ নভেম্বর, ২০২৩

উইকেন্ড ট্যুরিস্ট হাব  
সচিবালয়ে সভা

সচিবালয়ে পর্যটনমন্ত্রীর অফিস কক্ষে আজ উইকেন্ড ট্যুরিস্ট হাব নিয়ে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী। উপস্থিত ছিলেন পর্যটন দপ্তরের অধিকর্তা তপন দাস, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য, পশ্চিম ত্রিপুরা জেলার এসপি কিরণ কুমার কে, অতিরিক্ত জেলাশাসক সুভাষচন্দ্র সাহা, এসপি ট্রাফিক, আগরতলা পুরনিগমের অতিরিক্ত কমিশনার, সদর মহকুমা শাসক প্রমুখ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ৩ ডিসেম্বর থেকে পুনরায় উজ্জয়ন্ত প্রাসাদের সম্মুখে উইকেন্ড ট্যুরিস্ট হাব শুরু হবে। উইকেন্ড ট্যুরিস্ট হাব উপলক্ষে প্রতি মাসের দ্বিতীয় শনিবার, চতুর্থ শনিবার ও প্রতি রবিবার সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। উইকেন্ড ট্যুরিস্ট হাবে আগরতলা পুরনিগম থেকে রকমারি খাবার সামগ্রী নিয়ে ৩০টি খাবারের গাড়ি থাকবে।

\*\*\*\*\*